



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৬.১৯.২৩৩

তারিখ : ২৮-১১-২০১৯খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের ১ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড কোর্সে ২০১৯ (জানুয়ারী ২০১৯) সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ২য় পর্ব এবং ২০১৯-২০ (জুলাই '১৯-জুন '২০) সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ১ম পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা-২০১৯ আগামী ২৪ ডিসেম্বর '২০১৯ খ্রিঃ রোজ মঙ্গলবার হতে বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন- ০২-৫৫০০৬৫২৫

ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড শিক্ষাক্রমের ১ম ও ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম পর্বের পরীক্ষা লিখুবিহীন উত্তরপত্র এবং ২য় পর্বের পরীক্ষা লিখুযুক্ত উত্তরপত্র গ্রহণ করতে হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং বোর্ড ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়ম :

- ১.১ ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড শিক্ষাক্রমের সকল পর্বের ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে।
- ১.২ ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড শিক্ষাক্রমের ১ম ও ২য় পর্ব পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার্থীদের স্বাক্ষর যুক্ত প্রিন্টআউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসাবে বিবেচ্য হবে। উক্ত শিক্ষাক্রমের ১ম ও ২য় পর্ব সমাপনী পরীক্ষার প্রিন্টআউট কপি নির্ধারিত (অনুচ্ছেদ ৩.৬ এ বর্ণিত) তারিখ অনুযায়ী অত্র বোর্ডের Website হতে সংগ্রহ করতে হবে। প্রিন্টআউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে-কোন সমস্যায় প্রিন্টআউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

২। পরীক্ষার ফিসমুহের হার :

(ক) ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্য :

১.	পরীক্ষার ফি	২২৫.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪.	নম্বরপত্র ফি	৫০.০০

(খ) ২য় পর্ব পরীক্ষার্থীদের জন্য :

১.	পরীক্ষার ফি	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪.	নম্বরপত্র ফি	৭৫.০০
৫.	সনদপত্র ফি	১০০.০০

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলি :

- ৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সোনালী ব্যাংকের যে-কোনো শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা -এর অনুকূলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সংঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।
- ৩.২ পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপি এবং পরীক্ষা ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।
- ৩.৩ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্টআউট কপি বা নির্ধারিত ফি ব্যতীত ফরমপূরণ সরাসরি বাতিল করা হবে।
- ৩.৪ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবরে প্রেরণ করতে হবে।
- ৩.৫ নিম্নবর্ণিত ছক অনুযায়ী পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে :

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	পর্ব	রোল নম্বর	রেজি: নম্বর ও সেসন	বিষয় কোড	পরীক্ষার ফি	বিলম্ব ফি	নম্বরপত্র ফি	সনদপত্র	মোট ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

- ৩.৬ নিম্নবর্ণিত ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

অত্র বোর্ডের Website-এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ব্যতীত ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্টআউট কপি বোর্ডে জমা/ গ্রহণের শেষ তারিখ	নির্ধারিত তারিখের (১১-১২-২০১৯) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা প্রতিষ্ঠান জরিমানা সাপেক্ষে ১২-১২-২০১৯ তারিখ পর্যন্ত ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই আর গ্রহণ করা হবে না।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ	প্রবেশপত্র সংশোধনের সময়সীমা
০৩-১২-২০১৯ হতে ০৯-১২-২০১৯	১০-১২-২০১৯	১১-১২-২০১৯	১১-১২-২০১৯		১৯-১২-২০১৯	১৯-১২-২০১৯ হতে ২২-১২-২০১৯

- ৩.৭ পরীক্ষার প্রিন্টআউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/ রেজিস্ট্রার বা সমপর্ষায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রম সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।
- ৩.৮ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণ : উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলী :

- ৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরম/প্রিন্টআউট কপিসমূহ ৩.৫ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়)।
- ৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে বোর্ডের Website -এ ডাটা এন্ট্রি ও প্রিন্টআউট কপি বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে যে-কোনো প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে প্রিন্টআউট কপি ও অফিসের অর্থ উক্ত ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।
- ৪.৩ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার খাতা গ্রহণের সময় পূর্বের খাতা সমন্বয় করে খাতা গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না।
- ৪.৫ ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে। (প্রয়োজনে বোর্ডকে শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির হাজিরাশীট দেখাতে হবে।)
- ৪.৬ ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক(আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর/বগুড়া/রাজশাহী/খুলনা/ঢাকা/ময়মনসিংহ জেলা।
৪. উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অনুসদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কেন্দ্রসমূহ।
৬. অধ্যক্ষ/পরিচালক, ----- (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
৭. উপ পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ সচিব (রেজিঃ)/উপসচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিষ্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করাসহ Online এ ফরম ফিলাপের ডাটা এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সহকারি প্রোগ্রামার (ডিএমইউ পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত সময়ে Online এ ফরম ফিলাপের ডাটা এন্ট্রি ও প্রবেশপত্র প্রিন্ট করার অনুরোধসহ)।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন : ০২-৫৫০০৬৫৩১